# জনতা ব্যাংক লিমিটেড
## প্রধান কার্যালয়, ঢাকা
www.Janatabank-bd.com

**হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট**
**ফোন: ৯৫৫২০৭৮, ৯৫৬৫০৪৪**

**তথ্য বিজ্ঞপ্তি নং: ২১৩/১৮**

**তারিখ:** ০৯ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ
২৫ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও অ্যান্ড এমডি/সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

**বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ-এর আওতাধীন বিদ্যমান এরিয়া অফিস, ময়মনসিংহ-এর অধীনস্থ ৭ (সাত) টি শাখাকে আলাদা করে এবং প্রস্তাবিত কেন্দুয়া শাখাসহ মোট ০৮ (আট) টি শাখা নিয়ে 'এরিয়া অফিস, নেত্রকোণা' সৃষ্টি প্রসংগে।**

মহোদয়,

সংশ্লিষ্ট সকলের কার্যার্থে অবহিত করা যাচ্ছে যে, ব্যাংকের ব্যবসা বৃদ্ধি ও গ্রাহক সেবার মানোন্নয়নের লক্ষ্যে এবং জনতা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও শক্তিশালীকরণসহ ভবিষ্যৎ সম্ভাবনা বিবেচনা করে গত ১৮/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৩১-তম সভায় নিম্নোক্ত শর্তে 'এরিয়া অফিস, নেত্রকোণা' সৃষ্টি/স্থাপনের অনুমোদন প্রদান করা হয়:

০১। এরিয়া অফিস-নেত্রকোণা সৃষ্টির লক্ষ্যে বিদ্যমান এরিয়া অফিস, ময়মনসিংহ হতে নিম্নবর্ণিত ০৭ (সাত) টি শাখাকে আলাদা করে এবং প্রস্তাবিত কেন্দুয়া শাখাসহ মোট ০৮ (আট) টি শাখা নিয়ে এর কার্যক্রম শুরুকরণ;

| ক্রমিক | শাখার নাম | শাখার গ্রেড |
|---|---|---|
| ১. | নেত্রকোণা প্রধান শাখা | গ্রেড-১ |
| ২. | জয়নগর শাখা | গ্রেড-১ |
| ৩. | মোহনগঞ্জ (নেত্রকোণা) শাখা | গ্রেড-২ |
| ৪. | সাতপাই শাখা | গ্রেড-২ |
| ৫. | জারিয়া ঝাঞ্জাইল শাখা | গ্রেড-৩ |
| ৬. | তেলিগাতি বাজার শাখা | গ্রেড-৩ |
| ৭. | শ্যামগঞ্জ শাখা | গ্রেড-৩ |
| ৮. | কেন্দুয়া শাখা (প্রস্তাবিত নতুন শাখা) | গ্রেড-৪ |

০২। বিদ্যমান জনবল থেকে অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে লোকবল পদায়ন এবং সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) পদমর্যাদার একজন নির্বাহীকে এরিয়া প্রধান করে ময়মনসিংহ ডিভিশনাল অফিসের আওতাধীন 'এরিয়া অফিস, নেত্রকোণা'র কার্যক্রম শুরুকরণ।

০৩। নবসৃষ্ট এরিয়া অফিসের ভবন নির্বাচন, লজিস্টিক সাপোর্ট প্রদান ও জনবল পদায়ন সাপেক্ষে যথাশীঘ্র সম্ভব এর কার্যক্রম শুরু করা হবে। কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত উপর্যুক্ত শাখাসমূহের নথি পূর্বের নিয়ন্ত্রণকারী অফিস কর্তৃক অনুমোদন/নিস্পত্তি করা হবে।

উপর্যুক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক

শহীদুল ইসলাম
মহাব্যবস্থাপক